# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
## ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, কোম্পানী সচিবালয়
### মাসিক সমন্বয় সভা (৫ম) আগস্ট, ২০১৯-এর কার্যবিবরণী
**www.bapex.com.bd**

কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২৭ আগস্ট, ২০১৯ তারিখে বাপেক্স বোর্ডরুমে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত মহাব্যবস্থাপকবৃন্দ, প্রকল্প পরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচনার শুরুতে তিনি মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব মহোদয়কে পূর্ববর্তী মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতী পর্যালোচনাসহ সভার কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর পূর্ববর্তী মাসিক সমন্বয় সভার দফা ওয়ারী আলোচনাসহ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়কারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১। | পদোন্নতি সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভার শুরুতে, বাপেক্স-এর কর্মকর্তাগণের পদোন্নতি দেয়ার ক্ষেত্রে পূর্ববর্তী মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি/ গৃহিত পদক্ষেপ বিষয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দৃষ্টি আকর্ষণ করলে তিনি সভাকে এ মর্মে অবহিত করেন যে, পদোন্নতি প্রদানের জন্য প্রনীতব্য জ্যেষ্ঠতার তালিকা 'যোগদান' না 'মেধার' ভিত্তিতে হবে এ বিষয়ে স্পষ্টীকরণের জন্য গঠিত কমিটি ইতোমধ্যে প্রতিবেদন দাখিল করেছে। তাছাড়া মূল্যায়ন কমিটি গঠনের লক্ষ্যে মন্ত্রণালয়, পেট্রোবাংলা ও বাহিরের সংস্থার প্রতিনিধি মনোনয়নের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় পদোন্নতি প্রদানের জন্য প্রনীতব্য জ্যেষ্ঠতার বিষয়টি স্পষ্টীকরণের জন্য গঠিত কমিটির দাখিলকৃত প্রতিবেদন হতাশাব্যঞ্জক উল্লেখ করে তিনি ভীষণভাবে অসন্তোষ প্রকাশ করেন। সেই সাথে বাপেক্স-এর সকল পরিচালক, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে সর্বোচ্চ সংখ্যক কর্মকর্তার পদোন্নতি প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | বাপেক্স-এর সকল পরিচালক, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে সর্বোচ্চ সংখ্যক কর্মকর্তার পদোন্নতি প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো। | প্রশাসন বিভাগ এবং সকল মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক। |
| ২। | গাড়ী বরাদ্দ প্রদান সংক্রান্ত | গাড়ী বরাদ্দ প্রদান বিষয়ে গৃহিত পদক্ষেপ সংক্রান্ত জিজ্ঞাস্যের জবাবে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে এ মর্মে অবহিত করেন যে, পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক নতুন গাড়ী ক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন হলে আরও কিছু কর্মকর্তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে যথানিয়মে গাড়ী বরাদ্দ প্রদান করা হবে। | নতুন গাড়ী ক্রয়ের প্রক্রিয়া তরান্বিত করার নির্দেশনা প্রদান করা হলো। | প্রশাসন বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব রূপকল্পের সাথে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ প্রতিনিধিগণকে স্ব-স্ব প্রকল্পের অগ্রগতি অবহিত করার জন্য অনুরোধ জানান। | | স্ব-স্ব প্রকল্প পরিচালক |
| | | প্রকল্প পরিচালক (রূপকল্প-১), জনাব মোঃ মিজানুর রহমান চৌধুরী সভাকে অবহিত করেন যে, প্রকল্প এলাকায় পূর্ত নির্মাণের কতিপয় কাজ বাকী আছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মহাব্যবস্থাপক (নির্মাণ) এর দৃষ্টি আকর্ষণ করলে তিনি সভাকে জানান যে, সিভিল কাজের মধ্যে সেড, গোডাউন, বাথ রুম, ডিপটিউব ওয়েল নির্মাণ/স্থাপন কাজ বাকী আছে। তবে Spud-in এর আগে শুধুমাত্র গোডাউন নির্মাণ এবং ডিপটিউব ওয়েল স্থাপনের কাজ বাকী থাকবে। আলোচনার এ পর্যায়ে প্রকল্প পরিচালক Spud-in এর আগে অন্ততঃ একটি গোডাউন নির্মাণের অনুরোধ জানান। তাছাড়া যেহেতু ডিপটিউব ওয়েল ব্যতীত খনন কার্যক্রম শুরু করা সম্ভব নয়, সেহেতু অতি অল্প সময়ের মধ্যে অন্ততঃ একটি শ্যালো টিউবওয়েল স্থাপনের অনুরোধ জানান। পক্ষান্তরে প্রকল্প পরিচালক (রূপকল্প-১), জনাব মোঃ মিজানুর রহমান চৌধুরী প্রকল্পের চুক্তি বিষয়ে মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করলে তিনি সভাকে এ মর্মে অবহিত করেন যে, চুক্তির আইনী বিষয় দেখার জন্য আইন জীবির নিকট পাঠানো হয়েছে। ২৮-০৮-২০১৯ তারিখে চুক্তির ভেটিং সম্পন্ন হবে বলে আশা করা যায়।<br><br>এ পর্যায়ে প্রকল্প পরিচালক সেপ্টেম্বর, ২০১৯ এর শেষ সপ্তাহ অথবা অক্টোবর, ২০১৯ এর প্রথম সপ্তাহে Spud-in করা সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে সন্তোষ প্রকাশ করেন। | প্রকল্প পরিচালক (রূপকল্প-১)কে সেপ্টেম্বর, ২০১৯ এর শেষ সপ্তাহ অথবা অক্টোবর, ২০১৯ এর প্রথম সপ্তাহে Spud-in করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো। | প্রকল্প পরিচালক (রূপকল্প-১) |
| | | রূপকল্প-২ ঃ মহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভাকে এ মর্মে অবহিত করেন যে, পূর্ববর্তী মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক মাদারগঞ্জ-১ ও বেগমগঞ্জ-৪ কূপ ২টি খননের উদ্দেশ্যে জনাব মোঃ তোফায়েল উদ্দিন শিকদার, ব্যবস্থাপক (রসায়ন)-কে প্রকল্প ব্যবস্থাপক হিসেবে নিয়োগ প্রদানের লক্ষ্যে ডিপিপি প্রস্তুত করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রশাসন বিভাগে প্রেরণ করা হয়েছে। | মাদারগঞ্জ-১ ও বেগমগঞ্জ-৪ কূপ খননের খননের জন্য জনাব মোঃ তোফায়েল উদ্দিন শিকদার, ব্যবস্থাপক (রসায়ন)-কে প্রকল্প ব্যবস্থাপক হিসেবে নিয়োগ প্রদান এবং ডিপিপি অনুমোদনের বিষয়টি নিয়মিত Follow up করার নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প উপ-পরিচালক (রূপকল্প-৩), সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের সুপারিশে জুন, ২০১৮ এর পত্রে কসবা-১ খনন কূপের জন্য খরচকৃত ১২৭০.৭৫ লক্ষ টাকা বাপেক্সের নিজস্ব তহবিল হতে খরচের নির্দেশনা মোতাবেক কসবা-১ খনন কূপের জন্য খরচকৃত ১২৭০.৭৫ লক্ষ টাকা বাপেক্স-এর নিজস্ব তহবিল হতে নির্বাহের বিষয়টি পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য কার্যপত্র প্রস্তুত করা হয়েছে যা পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে। | প্রকল্প পরিচালককে প্রস্তুতকৃত কার্যপত্র ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হলো। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৩) |
| | | প্রকল্প পরিচালক (রূপকল্প-৫) সভাকে অবহিত করেন যে, ২৬-০৬-২০১৯ তারিখে প্রকল্পের পিএসসি সভায় প্রকল্প মেয়াদ ৩০-০৬-২০১৯ বৃদ্ধি না করে সকার খনন কাজ না করায় প্রকল্প অসমাপ্ত রেখে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং সকারের সাথে উদ্ভুত পরিস্থিতি নিস্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ তোফায়েল উদ্দিন শিকদার, ব্যবস্থাপক (রসায়ন)-কে মাদারগঞ্জ-১ ও বেগমগঞ্জ-৪ কূপ ২টি খননের উদ্দেশ্যে প্রকল্প ব্যবস্থাপক হিসেবে নিয়োগ প্রদানের লক্ষ্যে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রশাসন বিভাগে প্রেরণ করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৫) |
| | | প্রকল্প পরিচালক (রূপকল্প-৯: ২ডি সাইসমিক) জনাব তারিকুল ইসলাম বলেন যে, প্রকল্পের ডিপিপি-তে ৫০০ লাইন কিঃ মিঃ অন্তর্ভুক্ত করে ডিপিপি প্রস্তুত করে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। পেট্রোবাংলা আরডিপিপি কোম্পানীর পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেছে। তদানুযায়ী কার্যপত্র প্রস্তুত করে বাপেক্স পরিচালনা পর্ষদের ৪১৬তম বোর্ড সভায় উপস্থাপন করা হলে তা নীতিগতভাবে অনুমোদিত হয়। আরডিপিপি অনুমোদনের পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৯) |
| | | ৩ডি সাইসমিক প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে এ মর্মে অবহিত করেন যে, ২৫০ লাইন কি.মি. সাইসমিক সার্ভে করার লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে ৯০ লাইন কি.মি. সাইসমিক সার্ভে কাজ সমাপ্ত হয়েছে। নিরাপত্তার স্বার্থে ও দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে মন্ত্রণালয় হতে বৃষ্টি ও বজ্রপাতের মৌসুমের পর সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক সেপ্টেম্বর মাসে পুনরায় কাজ শুরু করা সম্ভব হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | সাইসমিক সার্ভে কার্যক্রম যথা সময়ে শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার নির্দেশনা প্রদান করা হলো। | প্রকল্প পরিচালক (৩ ডি সাইসমিক প্রকল্প) |
| | | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব মোহাঃ মইনুল হোসেন, উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ)-কে নতুনভাবে ১টি প্রকল্প প্রস্তাব (**DPP**) প্রস্তুত করার নির্দেশনা দেন। | নির্ধারিত সময়ের মধ্যে ডিপিপি প্রস্তুত করার নির্দেশনা প্রদান করা হলো। | উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | পূর্ত কার্যক্রম বিষয়ক | নির্মাণ বিভাগের বিভাগীয় প্রধান সভাকে অবহিত করেন যে, প্রকল্পসমূহের পুর্ত নির্মাণ কাজ চলমান রয়েছে। বর্তমানে মাধবপুর রিগ বেইজে পুর্ত নির্মাণ কাজ চলছে। পূর্ববর্তী মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ড্রয়িং ও ডিজাইনের কাজ শেষ করে স্বল্প সময়ে এবং অল্প খরচে আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে একটি রেষ্ট হাউজ নির্মাণের যে নির্দেশনা প্রদান করা হয়েছিল তা মাধবপুর রিগ বেইজ-এর পুর্ত নির্মাণ কাজ শেষে শুরু করা সম্ভব হবে। | মাধবপুর রিগ বেইজ-এর পুর্ত নির্মাণ কাজ সমাপ্ত করে পূর্ববর্তী মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে রেষ্ট হাউজ নির্মাণের নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৫। | স্টোর ইনভেন্টরী সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অত্র অর্থবছরে **Physical Inventory** করা হয়েছে কিনা জিজ্ঞাস্যের জবাবে সভাকে এ মর্মে অবহিত করা হয় যে, গত বছরে **Physical Inventory** করা হয়েছে। কিন্তু চলমান বছরে কোন **Physical Inventory** করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় **Physical Inventory** করার জন্য বাজেট বরাদ্দ রাখার নির্দেশনা প্রদানের পাশাপাশি একটি কমিটি গঠন করে **Physical Inventory** কার্যক্রম সম্পন্নের পরামর্শ প্রদান করেন। | **Physical Inventory** করার জন্য বাজেট বরাদ্দ রাখার পাশাপাশি একটি কমিটি গঠন করে **Physical Inventory** কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করা হলো। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |
| ৬। | ই-নথি সংক্রান্ত | ই-নথি ব্যবহারে বাপেক্সের অবস্থান বিষয়ে পূর্ববর্তী মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক একটি কমিটি গঠন করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলমান আছে। | গঠিত কমিটিকে বিভিন্ন বিভাগের ই-নথি কার্যক্রমের বিষয়ে সহযোগীতা প্রদানের পাশাপাশি সকল বিভাগের কার্যক্রম লক্ষ্য করে Report দাখিলের নির্দেশনা প্রদান করা হলো। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |
| ৭। | মামলা সংক্রান্ত অগ্রগতি | **Law Cell** এর আহ্বায়ক মহোদয় কোম্পানীর চলমান মামলাসমূহের বর্তমান অবস্থা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অস্থায়ী শ্রমিক নিয়োগ সংক্রান্ত মামলার বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে চেয়ারম্যান পেট্রোবাংলার মাধ্যমে অগ্রসর হওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। | অস্থায়ী শ্রমিক নিয়োগ সংক্রান্ত মামলার বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে চেয়ারম্যান পেট্রোবাংলা বরাবরে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো। | **Law Cell** এর আহ্বায়ক ও সদস্য সচিব। |
| ৮। | **Lay of** কৃত কূপ/ জমি গ্রহণ/ প্রত্যর্পণ বিষয়ক | **Lay of** কৃত কূপ/ জমি গ্রহণ/ প্রত্যর্পণ বিষয়ে কোথায় কতটুকু ভূমি/জমি রাখা দরকার এবং কতটুকু জায়গা অবমুক্ত করা সম্ভব সে বিষয়ে গঠিত কমিটির সদস্যবৃন্দ বিভিন্ন কূপ এলাকা সরেজমিনে পরিদর্শন করছে। সবগুলো কূপ এলাকা সরেজমিনে পরিদর্শন শেষে সংশ্লিষ্ট কমিটি প্রতিবেদন দাখিল করেছে। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রতিবেদনটি প্রশাসন বিভাগে প্রেরণ করা হয়েছে। | কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী অতিসত্ত্বর কার্য সম্পাদনের নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | অডিট আপত্তি নিস্পত্তি বিষয়ক | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কোম্পানীর অডিট আপত্তির সংখ্যা এবং নিস্পত্তি বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভাকে অবহিত করেন যে, বর্তমানে ৩৪১টি অডিট আপত্তি নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। ০৪-০৯-২০১৯ তারিখে অডিট আপত্তি নিস্পত্তির জন্য একটি সভা আহ্বান করা হয়েছে। তাছাড়া ৬২টি অডিট আপত্তি নিস্পত্তির জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভা বিষয়টি অবহিত হয়ে অনিস্পত্তি অডিট আপত্তি সমূহ নিস্পত্তির লক্ষ্যে আরও উদ্যোগী হওয়ার নির্দেশনা প্রদান করে। সেই সাথে পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী অনিস্পত্তি অডিট আপত্তি সমূহ নিয়ে একটি কার্যপত্র প্রস্তুত করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | কোম্পানীর পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী অনিস্পত্তি অডিট আপত্তি সমূহ নিয়ে একটি কার্যপত্র প্রস্তুত করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হলো। | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ১০। | মানব সম্পদ উন্নয়ন বিষয়ক | মানব সম্পদ উন্নয়ন বিষয়ে পরিকল্পনা বিভাগের এইচআরএম উপবিভাগ সভাকে এ মর্মে অবহিত করে যে, মানব সম্পদ উন্নয়নের জন্য ইতোমধ্যে ১২টি লোকাল ট্রেনিং এবং ১টি ইন হাউজ ট্রেনিং করানো হয়েছে। তাছাড়া প্রায় ৩টি বৈদেশিক প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে সন্তোষ প্রকাশ করেন। সেই সাথে কর্মকর্তাদের জন্য অধিক সংখ্যক বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করতে পারলে সবার মধ্যে কর্ম স্পৃহা বৃদ্ধি পাবে উল্লেখ করে তিনি এ বিষয়ে পরিকল্পনা বিভাগের এইচআরএম উপবিভাগকে আরও উদ্যোগী ভূমিকা পালনের প্রতি গুরুত্ব আরোপ করেন। | কর্মকর্তাদের জন্য অধিক সংখ্যক বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। | পরিকল্পনা বিভাগ (HRM উপবিভাগ) |
| ১১। | রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমি রেজিস্ট্রিকরণ সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জন্য সাময়িকভাবে বরাদ্দ নেয়া জমি বাপেক্স এর নামে রেজিস্ট্রি দলিল করার জন্য যে নির্দেশনা প্রদান করা হয়েছিল সে বিষয়ে অগ্রগতি কি জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) সভাকে অবহিত করেন যে, উক্ত জমি রেজিষ্ট্রেশন করার বিষয়টি অনেকটাই অগ্রসর হয়েছে। তবে সম্প্রতি রাজউক-এর Director Estate বদলী হওয়ায় নতুন Director Estate আসার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ)-কে উক্ত রেজিস্ট্রেশনের কাজ যথা শীঘ্র সম্ভব সম্পন্নের নির্দেশনা প্রদান করা হলো। | নির্মাণ বিভাগ |
| ১২। | GTO কমিটি বিষয়ক | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ভবিষ্যৎ কূপ খননের লক্ষ্যে GTO প্রস্তুতের কাজ ত্বরান্বিত করার প্রয়োজনীয়তা উল্লেখ করে পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করেন। | গঠিত কমিটিকে কার্য সম্পাদনের নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | বিবিধঃ (১)<br>বাপেক্স ভবন-এর জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত | সভায় উপস্থিত পরিচালক, মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও উপমহাব্যবস্থাপকগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে এ মর্মে অবহিত করেন যে, বাপেক্স ভবন, ৪ কাওরানবাজার এর প্লট/জমিটি বাপেক্সের নামে রেজিষ্ট্রেশন করার জন্য বোর্ড পেট্রোবাংলার অনুকূলে ১০.০০ (দশ) কোটি টাকা পরিশোধের নির্দেশনা প্রদান করে। কিন্তু পেট্রোবাংলা পরবর্তীতে ১৮.০০ (আঠারো) কোটি টাকা পরিশোধের অনুরোধ জানায়। মূলতঃ এ কারণেই পেট্রোবাংলার অনুকূলে চাহিদাকৃত অর্থ পরিশোধ করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি হতাশাব্যঞ্জক উল্লেখ করে দ্রুত টাকা পরিশোধের লক্ষ্যে উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। পেট্রোবাংলায় প্রেরণের নির্দেশ দেন। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও মহাব্যবস্থাপক (নির্মাণ) কে এতদ্‌বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পরামর্শ অনুযায়ী অতিসত্ত্বর পত্র প্রস্তুত করে পেট্রোবাংলায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | বিবিধঃ (২)<br>কমপ্রেসর ও প্রসেস প্ল্যান্ট ক্রয় সংক্রান্ত | মহাব্যবস্থাপক(উৎপাদন) কমপ্রেসর ক্রয় বিষয়ে সভাকে এ মর্মে অবহিত করেন যে, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে Feasibility **Study** এর প্রতিবেদন দাখিল করা হয়েছে। তাছাড়া পরিচালনা পর্ষদের ৪১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি প্রস্তুতের কাজও চলমান রয়েছে। আগামী বোর্ড সভায় এতদ্ সংক্রান্তে কার্যপত্র উপস্থাপন করা সম্ভব হবে বলে আশা করা যায়। | পরিচালনা পর্ষদের ৪১৬তম সভায় কমপ্রেসর ক্রয় সংক্রান্তে কার্যপত্র উপস্থাপন করা হলে তা নিতীগতভাবে অনুমোদিত হয়েছে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | বিবিধঃ (৩)<br>কনডেনসেট সংরক্ষণ সংক্রান্ত | মহাব্যবস্থাপক(উৎপাদন) সভাকে এ মর্মে অবহিত করেন যে, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বিনা চার্জে সুন্দরবন গ্যাস কোম্পানীর কনডেনসেট বাপেক্সের রিজার্ভারে রাখার বিষয়ে সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ-কে পত্র প্রেরণের করা হয়েছে। উক্ত পত্র অনুযায়ী আগামী ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ বিনা চার্জে তাদের কনডেনসেট বাপেক্সের রির্জাভারে রাখতে পারবে। পক্ষান্তরে কনডেনসেট বিক্রয় বিষয়ে সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ-এর সাথে বাপেক্সের চুক্তি স্বাক্ষরের বিষয়টি চলমান রয়েছে। | কনডেনসেট বিক্রয় বিষয়ে সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ এবং বাপেক্স এর মধ্যে সম্পাদিতব্য চুক্তির আইনগত দিক পর্যবেক্ষণ করে দ্রুত চুক্তি স্বাক্ষরের নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | বিবিধঃ (৪)<br>নথি উত্থাপন ও ব্যবস্থাপনা সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভায় উপস্থিত পরিচালক, মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও উপমহাব্যবস্থাপকগণ-কে এ মর্মে অবহিত করেন যে, বিভিন্ন ক্রয় সংক্রান্ত যে ফাইলসমূহ ব্যবস্থাপনা পরিচালক বরাবরে উপস্থাপন করা হয় তার বেশীর ভাগই পিপিআর-২০০৮ এর নিয়ম নীতি **Follow** না করে উত্থাপন করা হয়। বেশীরভাগ ক্ষেত্রেই মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও উপমহাব্যবস্থাপকগণ নথি ভালোভাবে না পড়েই ব্যবস্থাপনা পরিচালক বরাবরে দাখিল করেন। নথিতে স্পষ্টভাবে ক্রয় পদ্ধতির উল্লেখ না থাকায় পরবর্তীতে অডিট আপত্তির সম্মুখীন হতে হয়। বিষয়টি নিয়ে তিনি অত্যন্ত অসন্তোষ প্রকাশ করেন। নথিতে কমিটি গঠন করে প্রাক্কলনের ক্ষেত্রে ২.০০ (দুই) লক্ষ টাকা হতে তদুর্ধ্বের ক্রয় বা সেবা গ্রহণের ক্ষেত্রে ২০১৬ সালে পিপিআর-২০০৮ এর সংশোধন আনয়নের বিষয়টি সকলকে অবহিত করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ভবিষ্যতে নথি উত্থাপনের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর নিয়ম নীতি **Follow** করা হয়েছে কিনা তা খতিয়ে দেখে অত্যন্ত সতর্কতার সাথে ই-নথিতে ফাইল উত্থাপনের নির্দেশনা প্রদান করেন। | নথি উত্থাপনের ক্ষেত্রে পরিচালক, মহাব্যবস্থাপক প্রকল্প পরিচালক, বিভাগীয় প্রধান ও উপমহাব্যবস্থাপক বৃন্দকে পিপিআর-২০০৮ এর নিয়ম নীতি যথাযথভাবে Follow করে হয়েছে কিনা তা কঠোরভাবে খতিয়ে দেখে, নথিতে কমিটি গঠন করে প্রাক্কলনের ক্ষেত্রে ২.০০ (দুই) লক্ষ টাকা হতে তদুর্ধ্বের ক্রয় বা সেবা গ্রহণের ক্ষেত্রে ২০১৬ সালে পিপিআর-২০০৮ এর সংশোধনের বিষয়টি সতর্কতার সাথে Follow করে ই-নথিতে ফাইল উত্থাপনের নির্দেশনা প্রদান করা হলো। | পরিচালক, মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক, বিভাগীয় প্রধান ও উপমহাব্যবস্থাপক বৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধঃ (৫)<br>পতেঙ্গা ১.৬ একর জমি ফেরত প্রদানের বিপরীতে গোডাউর এর জন্য জমি ক্রয় সংক্রান্ত | ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড-এর ১.৬০ একর জমিতে বাপেক্স-এর ৪টি গোডাউন এবং ১টি পাঁকা আনসার ব্যারাক রয়েছে। গোডাউনসমূহে বাপেক্সের চলমান খনন কার্যক্রমে ব্যবহৃতব্য ব্যারাইট, বেন্টোনাইট, এপিআই ক্লাস-জি সিমেন্ট ও অন্যান্য কেমিক্যাল সংরক্ষিত আছে। তাছাড়া ৩নং গোডাউন সম্পন্ন এবং ৪নং গোডাউনের প্রায় অর্ধাংশ জুড়ে ক্যানাডিয়ান কোম্পানী নাইকো রিসোর্স লিঃ এর বিভিন্ন রকম সিমেন্ট ও কেমিক্যাল সংরক্ষিত রয়েছে। কিন্তু, যেহেতু উল্লেখিত ১.৬০ একর জমিতে ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড "ইনস্টলেশন অব ইআরএল ইউনিট-২" প্রকল্প বাস্তবায়নের জন্য অতীব জরুরী ভিত্তিতে ইআরএল অধিগ্রহণকৃত জায়গা হস্তান্তরের জন্য অনুরোধ জানিয়েছে এবং এটি একটি জাতীয় ইস্যু; সেহেতু বিকল্প কোন উপায় খুজেঁ বাপেক্সের যাবতীয় মালামাল স্থানান্তর সহ জমিটি ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড-কে ফেরত প্রদান করা উচিত মর্মে পরিচালনা পর্ষদের ৪১৪তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক পতেঙ্গা সিপইয়ার্ডে বাপেক্সের মালামাল সংরক্ষণের লক্ষ্যে একটি জমি ক্রয়ের উদ্দেশ্যে Fizibility Study করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে ০৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হলো ঃ<br>(১) জনাব তোফায়েল আহাম্মেদ, পরিচালক(অপারেশন)<br>(২) জনাব এস. এম. কামরুজ্জামান, মহাব্যবস্থাপক(নির্মাণ)<br>(৩) জনাব মোঃ জাকির হোসেন, উপমহা ব্যবস্থাপক (সেবা)<br>(৪) জনাব মোহাম্মদ শাখাওয়াত হোসাইন, ব্যবস্থাপক (প্রশাসন), আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম। | পতেঙ্গা সিপইয়ার্ডে বাপেক্সের মালামাল সংরক্ষণের লক্ষ্যে একটি জমি ক্রয়ের উদ্দেশ্যে Feasibility Study করার জন্য নিম্নক্তো কর্মকর্তাদের সমন্বয়ে ০৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হলো ঃ<br>(১) জনাব তোফায়েল আহাম্মেদ, পরিচালক(অপারেশন)<br>(২) জনাব এস. এম. কামরুজ্জামান, মহাব্যবস্থাপক(নির্মাণ)<br>(৩) জনাব মোঃ জাকির হোসেন উপমহা ব্যবস্থাপক (সেবা)<br>(৪) জনাব মোহাম্মদ শাখাওয়াত হোসাইন, ব্যবস্থাপক (প্রশাসন), আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | বিবিধঃ (৬)<br>দৈনিক মজুরীর ভিত্তিতে অস্থায়ী শ্রমিক নিয়োগ সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভাকে এ মর্মে অবহিত করেন যে, নিয়োগ বা পদোন্নতি প্রদান বরাবরই একটি প্রশাসনিক কাজ। কাজেই যে কোন ধরণের নিয়োগ মহাব্যবস্থাপক (প্রশাসন) এর মাধ্যমে হবে এটিই স্বাভাবিক। কিন্তু, বাপেক্সে এ নিয়মটি যথাযথভাবে Follow করা হয় না। এখন হতে যে কোন প্রকল্প, স্থাপনা বা ফিল্ডে দৈনিক মজুরীর ভিত্তিতে অস্থায়ী শ্রমিক নিয়োগের ক্ষেত্রে প্রশাসন হতে ফাইল উত্থাপন করে কর্তৃপক্ষীয় অনুমোদন সাপেক্ষে দৈনিক মজুরীর ভিত্তিতে অস্থায়ী শ্রমিক নিয়োগ করতে হবে। | যে কোন প্রকল্প, স্থাপনা বা ফিল্ডে দৈনিক মজুরীর ভিত্তিতে অস্থায়ী শ্রমিক নিয়োগের ক্ষেত্রে প্রশাসন হতে ফাইল উত্থাপন করে কর্তৃপক্ষীয় অনুমোদন সাপেক্ষে কাজ নেই মজুরী নেই ভিত্তিতে নিয়োজিত করণের নির্দেশনা প্রদান করা হলো। | পরিচালক, মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক, বিভাগীয় প্রধান ও উপমহাব্যবস্থাপক বৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধঃ (৭) কমিটি পুনঃগঠন সংক্রান্ত | জনাব মোঃ সুজাউল হাসান, পরিচালক (অনুসন্ধান) অসুস্থ্য। তার সুস্থ্যতার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সকলের দোওয়া প্রার্থনা করেন। সেই সাথে বাপেক্স অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন-কে জনাব মোঃ সুজাউল হাসান, পরিচালক (অনুসন্ধান) এর চিকিৎসা ব্যয় নির্বাহের অনুরোধ জানান। জিডিএফ ফান্ডের টাকা মওকুফের জন্য যে কমিটি গঠন করা হয়েছিল, সে কমিটি হতে জনাব মোঃ সুজাউল হাসান-কে বাদ দিয়ে কমিটি আপ ডেট করার পরামর্শ প্রদান করা হয়। | জিডিএফ ফান্ডের টাকা মওকুফের জন্য যে কমিটি গঠন করা হয়েছিল, সে কমিটি হতে জনাব মোঃ সুজাউল হাসান-কে বাদ দিয়ে কমিটি আপ ডেট করার নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সর্বস্তরের কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29.9.2019
(মীর মোঃ আব্দুল হান্নান)
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণঃ

১। পরিচালক ........................................ .
২। মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক ................................
৩। অফিস কপি।

অনুলিপি ঃ

১। উপব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা।